

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী (২০১৯-২০)

সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান
মহাপরিচালক, বোর্ড

স্থানঃ মহাপরিচালক, বোর্ড এর অফিস কক্ষ
তারিখঃ ২৯/১২/২০১৯খ্রি.
সময়ঃ দুপুর ০২ঃ৩০

উপস্থিত সদস্যবৃন্দঃ নৈতিকতা কমিটির সদস্যগণ (উপস্থিতি সংযুক্ত)


আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ


সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় বোর্ডের শূদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির কর্মকান্ড ও ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। আলোচ্যসূচীর প্রথম অংশে নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী পাঠ করা হয়। ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত পর্যালোচনায় দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্ত সমূহের সবগুলোই বাস্তবায়ন করা হয়েছে। সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রায় ১০০%।

সভায় ২য় আলোচ্যসূচী অনুসারে জাতীয় শূদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি উপস্থাপন করা হয়। দ্বিতীয় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনায় যে যে সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় তা নিম্নরূপঃ

- ১। তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে একাডেমীর কর্মকর্তা-কর্মচারীগণের ৬০ ঘণ্টা ব্যাপী প্রশিক্ষণের অংশ হিসেবে চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উল্লিখিত প্রশিক্ষণ সমূহে বিভিন্ন আইন-বিধি, শূদ্ধাচার ও সুশাসন বিষয়াদি যুক্ত রাখার বিষয়ে মতামত প্রকাশ করা হয়।
- ২। প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে এডিপি-এর বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হয়।
- ৩। ক্রয় ক্ষেত্রে শূদ্ধাচার প্রতিষ্ঠা ক্ষেত্রে ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে চলমান প্রকল্পসমূহ ব্যবস্থা গ্রহণ করবে।
- ৪। চলমান ই-ফাইলিং ব্যবস্থা আরো কার্যকরীভাবে বাস্তবায়নের মতামত প্রদান করা হয়।
- ৫। অংশীজনের অংশগ্রহণে আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৬। নৈতিকতা কমিটির সদস্য ড. কামরুল আহসান আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে অবসরে যাচ্ছেন। এমতাবস্থায় তাঁর স্থলে ০১ জন সিনিয়র অনুষদ সদস্য এবং সহকারী /উপপরিচালক পর্যায় থেকে ০১ জন অনুষদ সদস্যকে নৈতিকতা কমিটিতে অন্তর্ভুক্তির মাধ্যমে নৈতিকতা কমিটির কার্যক্রমকে গতিশীল ও কার্যকরী করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে একাডেমীর প্রশাসন বিভাগ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(সোলাহ উদ্দিন ইবনে সাঈদ)
যুগ্ম-পরিচালক (জনমিতি) ও ফোকাল পার্সন
নৈতিকতা কমিটি


(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বোর্ড
ও
সভাপতি নৈতিকতা কমিটি

বিতরণঃ

- ০১। নৈতিকতা কমিটির সকল সদস্য, বোর্ড।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী - মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।
- ০৪। অফিস কপি।